



আবুল সরকার

ক্যাম্পেলস্টাউন সিটি কাউন্সিল নির্বাচনে
স্বতন্ত্র পদপ্রার্থী

গত ২ জুন শনিবার সন্ধ্যায়, আসন্ন ক্যাম্পেলস্টাউন সিটি কাউন্সিল নির্বাচনে বাংলাদেশীদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় ক্যাম্পেলস্টাউন নির্বাচনী এলাকায় বসবাসরত বিভিন্ন সংগঠনের সাথে সম্পৃক্ত সম্মানিত নেতৃবৃন্দ এবং সর্বস্তরের বাংলাদেশী কমিউনিটির সমাজসেবায় নিয়োজিত ব্যক্তিবর্গ উপস্থিত হন। সভায় সভাপতিত্ব করেন মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের সভাপতি জনাব মোফাজ্জল ভূঁইয়া এবং পরিচালনা করেন জনাব আবুল সরকার। শুরুতে জনাব সরকার সভার উদ্দেশ্য ব্যাখ্যা করে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন এবং আগামী নির্বাচনে বাংলাদেশী কমিউনিটির অংশগ্রহণের আহ্বান জানান।

অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের সাধারণ সম্পাদক ডঃ আনিসুল আফসার নির্বাচনের সার্বিক বিষয় তুলে ধরে নির্বাচনে প্রতিনিধিত্ব করার উপর গুরুত্ব আরোপ করেন।

সভায় সর্ব-জনাব শাহ আলম সৈয়দ, ডঃ ইলিয়াছ, ডঃ খায়রুল চৌধুরী, আব্দুল জলিল, ডঃ নিজাম আহনোদ, ডঃ হাসান হাফিজুর রহমান, নুরুল আমিন, ইকবাল জুয়েল, ঈসমাইল মিয়া, রফিক উদ্দিন, মাসুদ চৌধুরী, তোজানোল হক মুকুল, ডঃ হায়দার আলী, আব্দুস সালাম, সাদিকুর রহমান মুন, গোলাম জীলানি নির্বাচনের স্বপক্ষে যুক্তি তুলে ধরে বক্তব্য রাখেন। অতঃপর সভায় সর্বসম্মতিক্রমে জনাব আবুল সরকারকে নির্দলীয় ভাবে নির্বাচন করার জন্য মনোনীত করা হয়। নির্বাচন পরিচালনা করার জন্য জনাব মোতাহার হোসেনকে সমন্বয়ক করে ১৫ সদস্যের একটি নির্বাচন পরিচালনা কমিটি গঠন করা হয়। সবশেষে আবুল সরকার আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন তাঁকে মনোনীত করার জন্য, এবং সবার সহযোগিতা কামনা করেন।